

১১

এইচএসসি পরীক্ষার ১ম দিনেই বহিষ্কার ১২ শতাধিক

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (বৃহস্পতিবার) ১৯৯৫ সালের এইচএসসি, বাংলা প্রথম পত্রের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে সার্বাঙ্গী ১২ শতাধিক পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে।

প্রবেশপত্র না পাওয়ার ঘটনার প্রেক্ষিতে দেশের বিভিন্ন পরীক্ষা কেন্দ্র ও কলেজে উত্তেজনা ছিল। প্রবেশপত্র না পাওয়ায় পটুয়াখালী দুমকি কলেজের একদল পরীক্ষার্থী ৩ ঘন্টা ধরিয়া পটুয়াখালী-বাউফল সড়ক অবরোধ করিয়া রাখে। তাহারা কলেজের কক্ষেও হামলা চালায়। পরীক্ষায় নকল সরবরাহের অভিযোগে কুমিল্লা দুমকি কেন্দ্র হইতে একজন পরি-

(১ম পৃ: পর)
দর্শকে বহিষ্কার করা হইয়াছে। ঢাকা বোর্ডে বহিষ্কারের সংখ্যা ৪০৪ জন। বোর্ড সূত্রে জানা যায়: ঢাকা মহানগরীতে ২ জন, গাজীপুর জেলায় ৭৪ জন, নারায়ণগঞ্জ জেলায় ১ জন, নরসিংদী জেলায় ২৪ জন, মুন্সিগঞ্জ জেলায় ৭ জন, মানিকগঞ্জ জেলায় ৪৭ জন, মাদারীপুর জেলায় ৩৭ জন, শরিয়তপুর জেলায় ৮ জন, রাজবাড়ি জেলায় ৩ জন, ফরিদপুর জেলায় ৯ জন, গোপালগঞ্জ জেলায় ৬ জন, টাঙ্গাইল জেলায় ৩৫ জন, ময়মনসিংহ জেলায় ৫৫ জন, জামালপুর জেলায় ২৪ জন, নেত্রকোনা জেলায় ৪২ জন এবং শেরপুর জেলায় ৩০ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়।

কুমিল্লা বোর্ড সকল কেন্দ্রের খবর জানাইতে পারে নাই। ইত্তেফাকের কুমিল্লা সংবাদদাতা জানান; কুমিল্লা জেলায় ১৭২ জন, খাগড়াছড়ি জেলায় ৭ জন, ব্রাহ্মণবাড়িয়া জেলায় ২৬ জন এবং চট্টগ্রাম জেলায় ৯৩ জন পরীক্ষার্থী বহিষ্কার হইয়াছে।

যশোর অফিস ॥ যশোর শিক্ষা বোর্ডে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগে বোর্ডের বিভিন্ন পরীক্ষা কেন্দ্র হইতে ৩৪ জন ছাত্র-ছাত্রীকে বহিষ্কার করা হয়। ইহার মধ্যে যশোর সদর কেন্দ্র হইতে ৫ জন, মাগুরা ৫, কুষ্টিয়া ৪, পিরোজপুর ৫, বরগুনা ৩, বিনাইদহ ৩, ঝুলনা ২, পটুয়াখালী ২, বরিশাল ১ ও নড়াইলে ১ জন।

যশোর বোর্ড কন্ট্রোলার জানান, বোর্ডের অধীনস্থ পরীক্ষা কেন্দ্রগুলিকে বহিষ্কার সম্পর্কিত রিপোর্ট বোর্ডকে দ্রুত অবহিত করার নির্দেশ প্রদান সত্ত্বেও যথা-সময়ে বহিষ্কারের সংবাদ বোর্ডকে প্রদান করা হয় না।

রাজশাহী অফিস ॥ গতকাল রাজশাহী শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষায় ১৬টি জেলার মধ্যে ১১টি জেলার ১৫০টি কেন্দ্রে ৪৮১ জন পরীক্ষার্থী অসদুপায় অবলম্বনের জন্য বহিষ্কার হইয়াছে। দিনাজপুর জেলায় বহিষ্কৃত পরীক্ষার্থীর সংখ্যা সব চেয়ে বেশী ১০৪ জন। এই কয়েকটি জেলায় সর্বমোট ৭৯ হাজার ৬৯৭ জন পরীক্ষার্থীর মধ্যে অনুপস্থিতির সংখ্যা ছিল ১৭৩৯ জন। যে সব জেলা হইতে পরীক্ষার্থী বহিষ্কার হইয়াছে সেগুলি হইল নাটোর ১০, বগুড়া-৪৪, লালমনিরহাট-৬, গাইবান্ধা-৩৮, রংপুর-৮২, পাবনা, ৯, নওগাঁ-৩২, নবাবগঞ্জ-৩৪, কুড়িগ্রাম-৪৩, নীলফামারী-৪৯, দিনাজপুর-১০৪। বরিশাল অফিস ॥ পটুয়াখালীর দুমকি জেলা কলেজের ১৬৫ জন

এইচএসসি পরীক্ষার্থী প্রবেশপত্র না পাইয়া গতকাল (বৃহস্পতিবার) অধ্যক্ষের কক্ষে হামলা চালায়। তাহারা পরে পটুয়াখালী-বাউফল সড়কে তিনটা অবরোধ সৃষ্টি করে এবং যানবাহন চলাচলে বাধা দেয়। তাহারা যাত্রী বোঝাই একটি বাস জিম্মি করে। পুলিশ পরে যাত্রীদের উদ্ধার করে।

খুলনা অফিস: গতকাল (বৃহস্পতিবার) সকাল ১১টার দিকে এইচএসসি পরীক্ষা চলার সময় দৌলতপুর সরকারী বিএল কলেজ ক্যাম্পাসে প্রবেশের অভিযোগে পুলিশ ৬ জন বহিরাগত যুবককে গ্রেফতার করিয়াছে। গ্রেফতারকৃত হইতেছে রকিব, মনিরুজ্জামান, মামুনুর রশীদ, মেহেদী হাসান, মাহমুদ হোসেন ও আবদুর রশীদ।

এদিকে গতকাল বাংলা প্রথম পত্র পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগে সরকারী বিএল কলেজ কেন্দ্র হইতে ১ জন, শহীদ জিয়া কলেজ কেন্দ্র হইতে ১ জন, রূপসা বঙ্গবন্ধু কলেজ কেন্দ্র হইতে ১ জন, ফুলতলা কলেজ কেন্দ্র হইতে ৩ জন এবং তেরখাদা কলেজ কেন্দ্র হইতে ২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে।

গাজীপুর সংবাদদাতা ॥ গতকালের পরীক্ষায় ১৫টি কেন্দ্রের মধ্যে শ্রীপুরে ৪৩ জন, ভাওয়াল বদরে আলিম কলেজে ৮ জন, আজিমউদ্দিন ও কালীগঞ্জ শ্রমিক কলেজ হইতে ৩ জন করিয়া, মমতাজউদ্দিন কলেজে ২ জন, কাপাসিয়া হইতে ৭ জনকে বহিষ্কার করা হইয়াছে।

জামালপুর সংবাদদাতা ॥ জেলার ১২টি কেন্দ্রের মধ্যে ৭টি কেন্দ্রে গতকাল ২৪ জনকে বহিষ্কার করা হইয়াছে।

নরসিংদী সংবাদদাতা ॥ জেলার ৬টি থানায় মোট ১৭টি কেন্দ্রের মধ্যে গতকাল নরসিংদীতে ২০ জন, মনোহরদীতে ৪ জন এবং বেলাবোতে ১ জন বহিষ্কৃত হইয়াছে।

নেত্রকোনা সংবাদদাতা ॥ জেলার ১৫টি কেন্দ্রের মধ্যে ৮টি কেন্দ্রে ৪২ জনকে গতকাল বহিষ্কার করা হইয়াছে।

ভাওয়াল সংবাদদাতা জানান, পরীক্ষার প্রথম দিনে মজিদা বেগম মহিলা কলেজ কেন্দ্র হইতে একজনকে বহিষ্কার করা হইয়াছে।

পটুয়াখালী সংবাদদাতা ॥ জেলার ৪টি কেন্দ্রে ১১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে। মোট কেন্দ্র ১০টি।

ইহাছাড়া গাইবান্ধায় ৩৮ জন, চাঁপাইনবাবগঞ্জে ৩৪ জন, শরিয়তপুরে ২টি কেন্দ্রে ৯ জন, ফরিদপুরে ৫টি কেন্দ্রে ৯ জন ও ফেনীর ৬টি কেন্দ্রে ১৯ জন বহিষ্কৃত হইয়াছে।